



Institutional Quality Assurance Cell (IQAC)

QAP/A-008

Shahjalal University of Science and Technology, Sylhet-3114, Bangladesh

Telephone: +880-821-717850, 714479, 713850 Ext- 249

Email: iqac-off@sust.edu, iqac-dir@sust.edu, iqac-ad@sust.edu



তারিখঃ ১৭ই এপ্রিল, ২০১৮

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ইন্সটিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি) এর তত্ত্বাবধানে ফুড ইঞ্জিনিয়ারিং এন্ড টি টেকনোলজি (এফইটি) বিভাগের পিয়ার রিভিউ প্রোগ্রাম আজ শেষ হয়েছে। তিন দিনব্যাপী এ প্রোগ্রামে বিশেষজ্ঞগণ ছিলেন প্রফেসর ড. আজমির সিং মালিক (ভারত), যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের আইকিউএসির পরিচালক প্রফেসর ড. জিয়াউল আমিন, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের প্রফেসর ড.এম বুরহান উদ্দিন।

সকাল সাড়ে ৯ ঘটিকায় শাবির উপাচার্য প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদের সাথে উপাচার্যের সেমিনার রুমে বিশেষজ্ঞদের সৌজন্য সাক্ষাত হয়। এ সময় আইকিউএসির পরিচালক প্রফেসর ড. আবদুল আউয়াল বিশ্বাস, আইকিউএসির অতিরিক্ত পরিচালক প্রফেসর ড. মোঃ আশরাফুল আলমসহ এফইটি বিভাগের সেলফ অ্যাসেসমেন্ট কমিটির প্রধান প্রফেসর ড. মোঃ মোজাম্মেল হক, সদস্য প্রফেসর ড. ইফতেখার আহমেদ, সদস্য এসোসিয়েট প্রফেসর ড. ওয়াহিদুজ্জামান উপস্থিত ছিলেন।

এ সময় শাবির উপাচার্য প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ বলেন, বিশ্ববিদ্যালয়ের অবকাঠামোগত কিছু সমস্যা আছে। সমস্যা সমাধানের জন্য বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সাথে কথা হয়েছে। আমি বিশ্বাস করি, অচিরেই সমস্যার সমাধান করে শাবিকে সামনের দিকে এগিয়ে নিয়ে যেতে পারব।

সৌজন্য সাক্ষাত শেষে ফুড ইঞ্জিনিয়ারিং এন্ড টি টেকনোলজি (এফইটি) বিভাগের পক্ষ থেকে উপাচার্য, আইকিউএসির পরিচালক, আইকিউএসির অতিরিক্ত পরিচালক ও বিশেষজ্ঞদের ক্রেস্ট প্রদান করা হয়।

(প্রফেসর ড. আবদুল আউয়াল বিশ্বাস)
পরিচালক, আইকিউএসি
শাবিপ্রবি, সিলেট-৩১১৪।